# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৩৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষ সালাতে যা কিছু পাঠ করে, তন্মধ্যে আল্লাহর কাছে অন্যতম প্রিয় হলো সূরা ফালাক পাঠ করা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قِرَاءَةَ {قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ} مِنْ أَحَبِّ مَا يَقْرَأُ الْعَبْدُ فِي صَلَاتِهِ إِلَى اللَّهِ جَلَّ وَعَلَا

---

আরবী

1839 - أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ وَذَكَرَ ابْنُ سَلْمٍ آخَرَ مَعَهُ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ أَسْلَمَ بْنِ عِمْرَانَ أَنَّهُ سَمِعَ عُقْبَةَ بْنَ عَامِرٍ يَقُولُ: تَبِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ رَاكِبٌ فَجَعَلْتُ يَدِي عَلَى قَدَمِهِ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَقْرِئْنِي إِمَّا مِنْ سُورَةِ هُودٍ وَإِمَّا مِنْ سُورَةِ يُوسُفَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَا عُقْبَةُ بْنَ عَامِرٍ إِنَّكَ لَنْ تَقْرَأَ سُورَةً أحبَّ إِلَى اللَّهِ وَلَا أَبْلَغَ عِنْدَهُ مِنْ أَنْ تقرأ: {قل أعوذ برب الفلق} [الْفَلَقِ: 1] فَإِنِ اسْتَطَعْتَ أَنْ لَا تَفُوتَكَ فِي صلاة فافعل)

الراوي : عُقْبَة بْن عَامِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1839 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (2/ 226).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَسْلَمُ بْنُ عِمْرَانَ كُنْيَتُهُ: أَبُو عِمْرَانَ مِنْ أَهْلِ مِصْرَ مِنْ جُمْلَةِ تَابِعِيهَا.

বাংলা

১৮৩৯. উকবাহ বিন আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আরোহী ছিলেন, আর আমি তাঁর পিছে ছিলাম, অতঃপর আমি আমার হাত তাঁর পায়ের উপর রাখছিলাম। আমি তাঁকে বললাম, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আপনি আমাকে হয় সূরা হুদ নতুবা

সূরা ইউসুফ থেকে পড়ে শুনান।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বলেন, “হে উকবাহ বিন আমির, তুমি এমন কোন সূরা কখনই পড়তে পারবে না, যা আল্লাহর কাছে قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ (বলুন, আমি আশ্রয় চাই ঊষার প্রভুর কাছে।) (সূরা ফালাক: ১) এর চেয়ে শ্রেষ্ঠ হতে পারে। কাজেই যদি তুমি পারো যে তুমি কোন সালাতেই এটা পড়া বাদ দিবে না, তবে তাই করবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আসলাম বিন ইমরানের উপনাম আবূ ইমরান। তিনি মিসরের অধিবাসী, সেখানকার তাবেঈদের অন্তর্ভুক্ত।”

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৫৮; নাসাঈ: ২/১৫৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২১৩; দারেমী: ২/৪৬১; হাকিম: ২/৫৪০; আত তাবারানী: ১৭/২৮৬; সহীহ মুসলিম: ৮১৪; তিরমিযী: ২৯০২; সুনান বাইহাকী: ২/৩৯৪; আবূ দাঊদ: ১৪৬২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/২২৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91055

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন